ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩৬৬</u>
জম্পুইজলা, ২৫ এপ্রিল, ২০২৫

**জম্পুইজলায় জাতীয় বিজ্ঞান দিবস পালিত**

জম্পুইজলার সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে আজ জাতীয় বিজ্ঞান দিবস পালন করা হয়। সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের উদ্যোগে এবং বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন জম্পুইজলা বিএসি চেয়ারম্যান তথা প্রাক্তন বিধায়ক ধীরেন্দ্র কিশোর দেববর্মা। এছাড়াও উপস্থিত ছিলেন জম্পুইজলা বিদ্যালয় পরিদর্শক অশোক দেববর্মা, সমাজসেবী পূর্ণ পিটর জমাতিয়া। অনুষ্ঠানে রিসোর্সপার্সন হিসেবে উপস্থিত ছিলেন টিটিএএডিসি'র খুমলুঙস্থিত পলিটেকনিক ইনস্টিটিউটের পদার্থ বিজ্ঞানের ফ্যাকাল্টি অলক দেবরায় এবং সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের পিজিটি শিক্ষক মৃণাল কান্তি দত্ত। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের অধ্যক্ষ ধর্মচরণ জমাতিয়া। জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষে জম্পুইজলা মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা এবং ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিজয়ীদের অনুষ্ঠান মঞ্চে পুরস্কৃত করা হয়।

******